গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য সেবা বিভাগ
বাজেট অধিশাখা

বিষয়ঃ ধূমপান ও তামাকজাত দ্রব্য ব্যবহার নিয়ন্ত্রণ কর্মসূচি বাস্তবায়ন সংক্রান্ত সভার কার্যবিবরণী।

সভাপতি	ঃ	জনাব মুহাম্মদ রূহুল কুদ্দুস অতিরিক্ত সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ
সভার তারিখ	ঃ	২৮-০৮-২০১৮খ্রি.
সভার সময়	ঃ	বেলা ৪.০০ টা
সভার স্থান		মন্ত্রণালয়ের সভাকক্ষ।
সভার উপস্থিতি	ঃ	পরিশিষ্ট-ক

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। তিনি উপস্থিত অতিথিবৃন্দের দৃষ্টি আকর্ষণ করে জানান, তামাক ও তামাকজাত দ্রব্য ব্যবহার নিয়ন্ত্রণ কার্যক্রমের জন্য ২০১৮-১৯ অর্থ বছরের বাজেটে ১২-বিশেষ কার্যক্রমের অধীনে ১২৭০১০১-১২০০১১৬০০- ধূমপান ও তামাকজাত দ্রব্য ব্যবহার নিয়ন্ত্রণ কার্যক্রম- ৩৯১১১১১ কোডে সাধারণ থোক বরাদ্দ খাতে মোট- ৯,০০,০০,০০০/- (নয় কোটি) টাকা বরাদ্দ রয়েছে। উক্ত অর্থ দ্বারা জেলা ও উপজেলা পর্যায়ে ধূমপান ও তামাকজাত দ্রব্য ব্যবহার নিয়ন্ত্রণ কার্যক্রমকে আরো এগিয়ে নিয়ে যাওয়া যাবে। এই বরাদ্দের মাধ্যমে মাননীয় প্রধানমন্ত্রীর ঘোষণা অনুযায়ী আগামী ২০৪০ সালের পূর্বেই বাংলাদেশ থেকে তামাকের ব্যবহার সম্পূর্ণ নির্মূল করার কার্যক্রম গ্রহণ করা সম্ভব হবে।

২। সভাপতি এই কার্যক্রমকে অধিকতর সাফল্যমন্ডিত করার প্রয়াস ব্যক্ত করে উপস্থিত সকলকে এ বিষয়ে বক্তব্য/পরামর্শ উপস্থাপনের আহবান জানান। উপস্থিত সরকারি ও বেসরকারি বিভিন্ন সংস্থা/প্রতিষ্ঠানের কর্মকর্তাগণ আলোচনায় অংশ নেন।

৩। ধূমপান ও তামাকজাত দ্রব্য ব্যবহার নিয়ন্ত্রণ কার্যক্রম সংক্রান্ত বরাদ্দের খাতওয়ারী বিবরণ এর বিভিন্ন দিক নিয়ে বিস্তারিত আলোচনা শেষে সর্বসম্মতভাবে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

নং	কর্মসূচি/সিদ্ধান্ত	বাস্তবায়নে
১	০১ (এক) জন পরামর্শক ও ০১ (এক) জন হিসাবরক্ষক নিয়োগ করা	জাতীয় তামাক নিয়ন্ত্রণ সেল
২	প্রথম কিস্তির টাকা পাওয়ার জন্য প্রস্তাব প্রেরণ করতে হবে	জাতীয় তামাক নিয়ন্ত্রণ সেল
৩	একটি নতুন ব্যাংক হিসাব চালু করতে হবে	জাতীয় তামাক নিয়ন্ত্রণ সেল
৪	বরাদ্দকৃত অর্থের বিভাজনে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন নিতে হবে	জাতীয় তামাক নিয়ন্ত্রণ সেল
৫	প্রচার ও বিজ্ঞাপনের জন্য বিলবোর্ডের সাইজ, ডিজাইনসহ আনুষাঙ্গিক সকল কিছু অনুমোদন গ্রহণ	জাতীয় তামাক নিয়ন্ত্রণ সেল
৬	জেলা ও উপজেলা টাস্কফোর্স কমিটিকে কার্যকর করা	জাতীয় তামাক নিয়ন্ত্রণ সেল
৭	কর্মসূচির মূল বাজেট সংশোধন করে ৯,০০,০০,০০০/- (নয় কোটি) টাকা মোট বাজেট নির্ধারণ করে সংশোধিত কর্মসূচি প্রণয়ন	জাতীয় তামাক নিয়ন্ত্রণ সেল
৮	চেক এর মাধ্যমে জেলা ও উপজেলা টাস্কফোর্স কমিটির কাছে টাকা প্রেরণ করতে হবে।	জাতীয় তামাক নিয়ন্ত্রণ সেল
৯	তামাক নিয়ন্ত্রণ আইন সম্পর্কে প্রচারণা বৃদ্ধির জন্য ৩০ সেকেন্ডের ০৩ (তিন) টি টিভিসি তৈরি করার জন্য ভাইটাল স্ট্রাটেজিকে অনুরোধ জ্ঞাপন	জাতীয় তামাক নিয়ন্ত্রণ সেল
১০	সর্বাধিক প্রচারিত টিভি চ্যানেলে উক্ত টিভিসি প্রচার করার জন্য তথ্য মন্ত্রণালয়ের সহযোগিতার জন্য পত্র প্রেরণ	জাতীয় তামাক নিয়ন্ত্রণ সেল
১১	তামাক ও তামাকজাত দ্রব্য ব্যবহার নিয়ন্ত্রণে ০৫ (পাঁচ) বছরের জন্য একটি প্রোগ্রাম চূড়ান্ত করতে হবে। এ লক্ষ্যে প্রথম সভা ২১-২২ সেপ্টেম্বর, ২০১৮খ্রি. তারিখে রংপুরে অনুষ্ঠিত হবে, উক্ত সভার যাবতীয় খরচ সিটিএফকে এবং দি ইউনিয়ন বহন করবে।	জাতীয় তামাক নিয়ন্ত্রণ সেল

১২	রংপুরে অনুষ্ঠিতব্য প্রোগ্রামে নিম্নোক্ত ০২ (দুই) জন কর্মকর্তাকে অংশগ্রহণের জন্য অনুরোধ করা যেতে পারে- (১) ড. মোঃ এনামুল হক, উপসচিব (বাজেট-১), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (২) পরিকল্পনা অনুবিভাগ থেকে ০১ জন উপপ্রধান পদমর্যাদার কর্মকর্তা	
১৩	গৃহীত কর্মসূচি বাস্তবায়নের জন্য জরুরীভিত্তিতে ১ জন কর্মসূচি পরিচালক নিয়োগের ব্যবস্থা গ্রহণ	জনস্বাস্থ্য ও বিশ্বস্বাস্থ্য অনুবিভাগ

৪। আর কোন আলোচনা না থাকায় সভাপতি সবাইকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/-
(মুহাম্মদ রূহুল কুদ্দুস)
অতিরিক্ত সচিব
স্বাস্থ্য সেবা বিভাগ

নং- ৪৫.১৩৯.০৬১.০০.০০.০০২.২০১৮-১২৬৮

তারিখঃ ১৮-০৯-২০১৮ খ্রীঃ

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ

(ড. মোঃ এনামুল হক)
উপসচিব
ফোনঃ ৯৫৪৫৯২৭

বিতরণঃ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১। অতিরিক্ত সচিব (জনস্বাস্থ্য ও বিশ্বস্বাস্থ্য), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
২। সমন্বয়কারী (যুগ্মসচিব), জাতীয় তামাক নিয়ন্ত্রণ সেল, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
৩। জনাব মোঃ শফিকুল ইসলাম, হেড অব প্রোগ্রাম, ভাইটাল স্ট্র্যাটেজিজ, বাংলাদেশ।
৪। ড. মোঃ শরিফুল আলম, লিড কনসালট্যান্ট, সিটিএফকে, বাংলাদেশ।
৫। উপসচিব (বিশ্বস্বাস্থ্য-১) ও প্রোগ্রাম ম্যানেজার, টোবাকো কন্ট্রোল, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
৬। উপপ্রধান (পরিকল্পনা),স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
৭। সৈয়দ মাহবুবুল আলম, টেকনিক্যাল এডভাইজার, দি ইউনিয়ন, বাংলাদেশ।
৮। সিস্টেম এনালিষ্ট, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সভার কার্যবিবরণী ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।

অনুলিপি সদয় অবগতির জন্যঃ

১। সচিবের একান্ত সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
২। অতিরিক্ত সচিব (বাজেট) এর ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।